# বদরগঞ্জ উপজেলা পরিষদের জানুয়ারি ২০২২ মাসের সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি : মোঃ ফজলে রাব্বি
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বদরগঞ্জ, রংপুর।

সভার স্থান : উপজেলা পরিষদ হলরুম, বদরগঞ্জ, রংপুর।

সভার তারিখ : ১৭ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ / ৩০ জানুয়ারি ২০২২ খ্রিঃ সময় ঃ সকাল- ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের নাম : পরিশিষ্ট 'ক'।

সভার প্রারম্ভে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। উহাতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভার আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ আরম্ভ হয়।

| নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১। | স্ট্যান্ডিং কমিটি | উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত ভাইস চেয়ারম্যানদ্বয়কে স্ট্যান্ডিং কমিটি সমূহের ২০২১-২০২২ অর্থ বছরের পরিকল্পনা/প্রকল্প গ্রহণ ও উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা দ্রুত গ্রহণ করা প্রয়োজন এবং অন্যান্য কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করার জন্য অনুরোধ করেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম বলেন যে, স্ট্যান্ডিং কমিটির সভা নিয়মিত ভাবে হচ্ছে। ২০২১-২০২২ অর্থ বছরের পরিকল্পনা/প্রকল্প গ্রহণের জন্য তালিকা প্রস্তুত করা হবে এবং উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করা প্রয়োজন। এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা গ্রহণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা নির্বাহী অফিসার স্ট্যান্ডিং কমিটির সভার কার্যবিবরণী দাখিলের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | আগামী সভায় স্ট্যান্ডিং কমিটির সভার কার্যবিবরণী মাসিক সভার পূর্বে দাখিল করতে হবে এবং উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। সভাপতি, সকল স্ট্যান্ডিং কমিটি<br>৩। সদস্য সচিব সকল স্ট্যান্ডিং কমিটি |
| ০২। | যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বৎসরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী আওতায় ১ম কিস্তিতে ২৫,৪০,০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। ১ম কিস্তির বরাদ্দের উপর ভিত্তি করে মোট ৪টি কিস্তিতে (২৫,৪০,০০০ * ৪)= ১,০১,৬০,০০০/- টাকা এবং রাজস্ব উন্নয়ন তহবিলে- ১১,৯১,৪৪৫/২১ সহ সর্বমোট (১,০১,৬০,০০০ + ১১,৯১,৪৪৫/২১) = ১,১৩,৫১,৪৪৫/২১ টাকার মধ্যে ৩০% অনুযায়ী = ৩৪,০৫,০০০/- টাকার প্রকল্প পিআইসি কমিটির মাধ্যমে প্রকল্প বাস্তবায়ন এবং ই-টেন্ডরের মাধ্যমে অবশিষ্ট = ৭৯,৪৬,৪৪৫/২১ টাকার প্রকল্প বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট স্ট্যান্ডিং | ১। ২০২১-২০২২ অর্থ এডিপি ও উপজেলা উন্নয়ন তহবিলের আওতায় আওতায় প্রকল্প কমিটির মাধ্যমে এবং ই-টেন্ডরের মাধ্যমে প্রকল্প গ্রহণের জন্য দ্রুত প্রকল্প দাখিল করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা প্রকৌশলী<br>৩। সকল স্ট্যান্ডিং কমিটি<br>৪। চেয়ারম্যান ইউপি (সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কমিটি ও জনপ্রতিনিধিগণকে দ্রুত প্রকল্প দাখিলের অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার জানান যে, স্থানীয় সরকার বিভাগ বছরের প্রথমে প্রকল্প গ্রহণ করে তা বাস্তবায়নের নির্দেশনা দিয়েছেন। সেই নির্দেশনা মোতাবেক প্রকল্প গ্রহন ও বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। | | |
| ০৩। | অটিজম এন্ড নিউরো ডেভেলপমেন্টাল ডিজঅর্ডার | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, অটিজম এন্ড নিউরো ডেভেলপমেন্টাল ডিজঅর্ডার বিষয়ে বিদ্যালয়/ প্রশিক্ষণ কেন্দ্র চালু করণের জন্য উপজেলা সদরের সন্নিকটে খাস জমি চিহ্নিত করার জন্য সহকারী কমিশনার (ভূমি) কে পুনরায় অনুরোধ করেন। এ বিষয়ে উঠান বৈঠক, বিভিন্ন সভা সেমিনারে জনসচেতনতা সৃষ্টি করা হচ্ছে। | অটিজম এন্ড নিউরো ডেভেলপ - মেন্টাল ডিজঅর্ডার বিষয়ে বিদ্যালয় / প্রশিক্ষণকেন্দ্র চালুর জন্য উপজেলা সদরের সন্নিকটে খাস জমি চিহ্নিত করে দ্রুত প্রেরণ করতে হবে। | সহকারী কমিশনার (ভূমি) |
| | বিবিধ-১ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদে ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপনের জন্য সকলের মতামত প্রদানের অনুরোধ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে হয়। আলোচনান্তে সভায় উপস্থিত সকলেই ২০২১-২০২২ অর্থ বছর উপজেলা রাজস্ব তহবিল হতে উপজেলা পরিষদ ক্যাম্পাসের নিরাপত্তার জন্য জরুরী ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় ও স্থাপন করার জন্য কোটেশন বিজ্ঞপ্তি আহবান করতে হবে এবং কাটেশন কমিটি গঠন করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>প্রকল্পের : উপজেলা পরিষদ ক্যাম্পাসের নিরাপত্তার জন্য জরুরী ক্লোজ সার্কিট ক্যামেরার মালামাল সরবরাহ ও স্থাপন করণ।<br><br>প্রাক্কলিত মূল্য : ১,২০,০০০/-<br><br>(ক) কোটেশন কমিটি :<br>নং - পদবী - প্রকল্পের পদবী<br>১ - সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর - আহবায়ক<br>২ - উপজেলা যুব উন্নয়ন অফিসার - সদস্য<br>৩ - উপজেলা ফরেস্টার, বন বিভাগ - সদস্য | ২০২১-২০২২ অর্থ বছর উপজেলা রাজস্ব তহবিল ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় ও স্থাপন করা হবে।<br>(১) কোটেশন বিজ্ঞপ্তি আহবান করতে হবে।<br>(৩) কাটেশন কমিটি গঠন করা হলো। কমিটি প্রকল্পের কাজ কাজ বাস্তবায়ন করবেন। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। কোটেশন কমিটি । |
| | বিবিধ-২ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদ কার্যালয়ের পুরাতন আসবাবপত্র মেরামত করার জন্য জরুরী প্রয়োজন। অভিজ্ঞ মিস্ত্রী দ্বার আসবাবপত্র মেরামতের জন্য সকলের মতামত প্রদানের অনুরোধ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে হয়। আলোচনান্তে উপজেলা পরিষদ কার্যালয়ের পুরাতন আসবাবপত্র = ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার মধ্যে মেরামত করার জন্য মতামত প্রদান করেন ও সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ কার্যালয়ের পুরাতন আসবাবপত্র দ্রুত পুরাতন আসবাবপত্র = ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার মধ্যে মেরামত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার |
| | বিবিধ-৩ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, বদরগঞ্জ উপজেলায় এডিস মশার বিস্তারের ফলে এলাকায় ডেঙ্গু মহামারীর রূপনেওয়ার আগেই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা দরকার। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ০৩ নম্বর অনুচ্ছেদের ক্রমিক নম্বর "ফ" এর নিদের্শনা মোতাবেক বদরগঞ্জ উপজেলা পরিসদের ১০ (দশ) টি ইউনিয়নের মশক নিধন | বদরগঞ্জ উপজেলা পরিষদের ১০(দশ) টি ইউনিয়ন পরিষদের মশক নিধন কার্যক্রম পরিচালনার জন্য মেডিসিন/ঔষধ ক্রয়ের জন্য = ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা ব্যয় করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কার্যক্রম শুরু করা প্রয়োজন। এই বিষয়ে সকলের মতামত প্রদানের অনুরোধ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে হয়। আলোচনান্তে বদরগঞ্জ উপজেলা পরিষদের ১০(দশ) টি ইউনিয়ন পরিষদের মশক নিধন কার্যক্রম পরিচালনার জন্য মেডিসিন/ঔষধ ক্রয়ের জন্য = ২৫,০০০/- টাকা ব্যয় করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | | |
| | বিবিধ-৪ | উপজেলা নির্বাহী অফিসার নিম্নে উল্লেখিত ব্যয় বিলসমূহ সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, উত্থাপিত বিলসমূহ উপজেলা রাজস্ব তহবিল হতে জরুরী ভিত্তিতে পরিশোধ করা প্রয়োজন। তাই অনুমোদন প্রয়োজন। আলোচনান্তে বিলসমূহে অনুমোদন ও পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>১। জনাব মোঃ ফজলে রাব্বি সুইট, চেয়ারম্যান মহোদয়ের জানুয়ারি, ২০২২খ্রিঃ মাসের সম্মানী ভাতা = ৪০,০০০/-, বাসা ভাড়া = ৫,০০০/- ইন্টারনেট বিল- ১,৮০০/- এবং ডিসেম্বর,২০২১খ্রিঃ মাসের টিএ বিল = ১৩,৭৫০/- মোট = ৬০,৫৫০/-<br><br>২। জনাব মোঃ তাজুল ইসলাম, ভাইস চেয়ারম্যান মহোদয়ের জানুয়ারি, ২০২২খ্রিঃ মাসের সম্মানী ভাতা = ২৭,০০০/- ও ইন্টারনেট বিল = ৭৫০/-, ডিসেম্বর,২০২১খ্রিঃ মাসের ডিএ/টিএ বিল- ১০,০০০/- মোট = ৩৭,৭৫০/-<br><br>৩। জনাব মোছাঃ নাজমা জাহানুর, ভাইস চেয়ারম্যান মহোদয়ের জানুয়ারি,২০২২খ্রিঃ মাসের সম্মানী ভাতা = ২৭,০০০/- ও ইন্টারনেট বিল = ৭৫০/-, ডিসেম্বর,২০২১খ্রিঃ মাসের ডিএ/টিএ বিল = ১০,০০০/- মোট = ৩৭,৭৫০/-<br><br>৪। উপজেলা পরিষদ কার্যালয়ের জানুয়ারি, ২০২২খ্রিঃ মাসের আপ্যায়ন ব্যয় = ৩৮,০০০/-<br><br>৫। জানুয়ারি, ২০২২খ্রিঃ মাসের আনুষঙ্গিক ব্যয় = ৫,০০০/-<br><br>৬। উপজেলা পরিষদ কার্যালয়ের অফিস সরঞ্জাম রক্ষণাবেক্ষণ ও মেরামত ব্যয় বিল = ১২,০০০/-<br><br>৭। জনাব মোঃ মনিরুল ইসলাম, মালী/বাগান এর জানুয়ারি/ ২০২২খ্রিঃ মাসের দৈনিক মজুরীর বেতন = ১৭,০৫০/-<br><br>৮। গোবিন্দ বাসফোর, সুইপার/পরিচ্ছন্নতাকর্মী এর জানুয়ারি ২০২২খ্রিঃ মাসের দৈনিক মজুরীর বেতন = ১৭,০৫০/-<br><br>৯। জনাব মোঃ মনিরুল ইসলাম, নিরাপত্তা কর্মী (আনসার) উপজেলা পরিষদ কার্যালয় এর চুক্তি ভিত্তিক জানুয়ারি ২০২২খ্রিঃ মাসের বেতন = ৪,০০০/-<br><br>১০। জনাব রজনী চন্দ্র রায়, নিরাপত্তা কর্মী (আনসার) উপজেলা পরিষদ কার্যালয় এর চুক্তি ভিত্তিক জানুয়ারি ২০২২খ্রিঃ মাসের বেতন = ৪,০০০/- | উপস্থাপিত বিলসমূহ উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের অনুমোদন করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ১১। উপজেলা পরিষদ চেয়ারম্যান স্যারের ব্যবহৃত জীপ-গাড়ী (রংপুর ঘ- ১১০০৫৬) এর জানুয়ারি ২০২২খ্রিঃ মাসের জ্বালানী ব্যয় বিল = ২৫,০০০/- | | |

সভাপতি আগামী সভায় সংশ্লিষ্ট সকল বিভাগীয় কর্মকর্তাকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সম্মানীত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ফজলে রাব্বি)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বদরগঞ্জ,রংপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বদরগঞ্জ, রংপুর।

তারিখ : ১৭ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ / ৩০ জানুয়ারি ২০২২ খ্রিঃ

স্মারক নম্বর- ০৫.৫৫.৮৫০৩.০০.০০০.২২-৭০ (৫০)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে :

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২০ রংপুর-২(বদরগঞ্জ-তারাগঞ্জ)।
০২। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। জেলা প্রশাসক, রংপুর।
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, রংপুর।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বদরগঞ্জ, রংপুর।
০৬। মেয়র, বদরগঞ্জ পৌরসভা, বদরগঞ্জ, রংপুর
৭-৮। ভাইস চেয়ারম্যান / মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বদরগঞ্জ, রংপুর।
০৯। উপজেলা .................................. অফিসার, বদরগঞ্জ, রংপুর।
১০। চেয়ারম্যান,.................................................... ইউ.পি,(সকল)বদরগঞ্জ, রংপুর।
১১। জনাব .................................................... সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বদরগঞ্জ, রংপুর।
১২। অফিস নথি।

৩০/০১/২০২২
(আবু সাঈদ)
উপজেলা নির্বাহী অফিসার
বদরগঞ্জ,রংপুর।